



প্রধানমন্ত্রীর প্রশ্ন

কেন রাতে ছাত্রী হলে
পুলিশ গেল?

ইত্তেফাক রিপোর্ট । ঢাকা
বিশ্ববিদ্যালয়ের শ্বাসসুনাখায় হলে মধ্যরাতে
পুলিশী অভিযানের (২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

প্রধানমন্ত্রীর প্রশ্ন

(প্রথম পৃঃ পর)

পরিপ্রেক্ষিতে গঠিত বিচার বিভাগীয় তদন্ত
কমিটিকে আগামী মঙ্গলবারের মধ্যে সরকারের
কাছে রিপোর্ট দিতে বলা হয়েছে। সে রাতের
ঘটনার দরুন ফুরু হয়েছেন প্রধানমন্ত্রী বেগম
খালেদা জিয়া। তিনি গতকাল দুই দফায় কয়েকজন
সিনিয়র মন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে ঢাকা
বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন।
সূত্র জানায়, প্রধানমন্ত্রী জানতে চান 'কেন রাতে
ছাত্রী হলে পুলিশ গেল?' তিনি ক্যাম্পাস পরিস্থিতি
শান্ত রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে
স্বরাষ্ট্রমন্ত্রীর নির্দেশ দেন। সিনিয়র মন্ত্রীদের মধ্যে
আবদুল মান্নান ভূঁইয়া, মতিন চৌধুরী, ডঃ বন্দুকার
মোশাররফ হোসেন, এমকে আনোয়ার, ডঃ ওসমান
ফারুক উপস্থিত ছিলেন। জানা গেছে, বিকালে
ঢাকা ডার্পিটির ভিপি প্রফেসর আনোয়ার উল্লাহ
চৌধুরী প্রধানমন্ত্রীর কার্যালয়ে যান।